

## বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

ঃ নবম জাতীয় সংসদের চতুর্থ অধিবেশনে মাননীয় স্পীকারের উদ্বোধনী ভাষণ ঃ

মাননীয় সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম

শীতের পড়ন্ত বিকেলে নবম জাতীয় সংসদের চতুর্থ অধিবেশনে আমি আপনাদেরকে স্বাগত জানাচ্ছি। ইংরেজি নতুন বছরের শুরুতে আপনাদের জানাই আন্তরিক শুভেচ্ছা।

দীর্ঘ দুই বছরের জরুরী অবস্থার অবসান ঘটিয়ে জনগণের প্রত্যাশা অনুযায়ী একটি সুষ্ঠু ও অবাধ নিরপেক্ষ নির্বাচনের মাধ্যমে প্রতিষ্ঠিত নবম জাতীয় সংসদের এক বছর পূর্ণ হতে যাচ্ছে আগামী ২৪ জানুয়ারি। তাই এ সংসদের কাছে জনগণের প্রত্যাশাও অনেক। সকল সংসদ-সদস্যের সম্মিলিত প্রচেষ্টায় জনগণের আশা-আকাঙ্ক্ষা পূরণে নবম জাতীয় সংসদ মাইলফলক স্থাপন করবে। - আজকের দিনে এ হোক আমাদের আন্তরিক কামনা।

মাননীয় সদস্যবৃন্দ,

নবম জাতীয় সংসদ আগামী দিনগুলোতে সংবিধানকে সমুন্নত রেখে দেশে সুশাসন ও আইনের শাসন প্রতিষ্ঠার মাধ্যমে গণতন্ত্র ও জনকল্যাণকর রাষ্ট্র প্রতিষ্ঠায় এগিয়ে যাবে - এটাই সকলের কাম্য। সংসদীয় গণতন্ত্রে সংসদই হচ্ছে সরকারের সকল কর্মকান্ডের কেন্দ্রবিন্দু। সংসদ কার্যকর থাকলেই গণতন্ত্র ও গণতান্ত্রিক রাষ্ট্র ব্যবস্থা সুসংহত হয়। সংসদকে কার্যকর করার ক্ষেত্রে সরকারি দলের পাশাপাশি বিরোধী দলের ভূমিকাও সমান গুরুত্বপূর্ণ। কারণ প্রকৃত অর্থে বিরোধী দলই পারে সরকারের ভুলত্রুটি ধরিয়ে দিতে। এছাড়া সংসদে গঠনমূলক সমালোচনার মাধ্যমে তারা সরকারকে সঠিকভাবে পরিচালিত করতেও ইতিবাচক ভূমিকা রাখতে পারে।

গণতন্ত্রের মূল চালিকা শক্তি হচ্ছে পরমতসহিষ্ণুতা। রাজনীতিতে মত ভিন্নতা থাকাটাই স্বাভাবিক কিন্তু জাতীয় স্বার্থে একে অন্যের মতামতের গুরুত্ব দিতে হবে। পারস্পারিক শ্রদ্ধা ও সমঝোতার মাধ্যমেই গণতন্ত্রের ভিত্তি সুদৃঢ় অবস্থানে উপনীত হবে। আমি আশা করি নতুন বছরে প্রধান বিরোধী দল সংসদের অধিবেশনে যোগ দিয়ে সংসদীয় গণতন্ত্রের অগ্রযাত্রাকে আরো বেগবান করবে।

রাজনৈতিক আদর্শ ও উদ্দেশ্যের ভিন্নতা আছে বলেই আমরা ভিন্ন ভিন্ন দল করে থাকি। কিন্তু সকল রাজনৈতিক দলের মূল লক্ষ্য এক ও অভিন্ন। আর তা হচ্ছে জনকল্যাণ। তাই ২০১০ সালের শুরুতেই আমি আশা করব রাজনৈতিক দলগুলো জাতীয় স্বার্থে একযোগে কাজ করবে।

মাননীয় সদস্যবৃন্দ,

স্পীকার হিসেবে আমার মূল দায়িত্ব হচ্ছে সংসদ কার্যক্রম পরিচালনা করা। এক্ষেত্রে সরকারি ও বিরোধী দলের সকল সংসদ-সদস্যই আমার কাছে সমান। পুরাতন বছরের সকল অসফলতা ও ব্যর্থতাকে বাদ দিয়ে বিগত বছরের সাফল্যকে সামনে রেখে নতুন উদ্যোগে দেশ ও জাতির কল্যাণে নিজেদেরকে নিয়োজিত করব এ প্রত্যাশা রেখে আমি এখন দিনের কার্যসূচী অনুযায়ী আজকের অধিবেশনের কার্যক্রম শুরু করছি।